দৈনিক
ইনকিলাব

তারিখ ... 09 MAR 2007 ...
পৃষ্ঠা 7 কলাম ...

২৪ ফাল্গুন



এসএসসি দাখিল ও ভোকেশনাল পরীক্ষা শুরু হয়। ছবিতে রাজধানীর গভঃ ল্যাবরেটরী স্কুলের পরীক্ষা কেন্দ্র

# নকলমুক্ত পরিবেশে এসএসসি দাখিল ও ভোকেশনাল পরীক্ষা শুরু

## *প্রথম দিনে ৪ শিক্ষকসহ ১৯৯ পরীক্ষার্থী বহিষ্কার : প্রক্সি দিতে এসে আটক ৩*

ইনকিলাব রিপোর্ট : প্রায় নকলমুক্ত পরিবেশে গতকাল (বৃহস্পতিবার) সারাদেশে একযোগে শুরু হয়েছে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এসএসসি, মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল এবং কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি ভোকেশনাল পরীক্ষা। সারাদেশে শান্তিপূর্ণ পরিবেশে ৯টি শিক্ষা বোর্ডে প্রথম দিনের পরীক্ষা শেষ হয়েছে। চার শিক্ষকসহ অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে ১৯৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। প্রক্সি দিতে এসে আটক হয়েছে ৩ জন। এবারের পরীক্ষায় সর্বমোট ১০ লাখ ২৯ হাজার

১১-এর পৃঃ ২-এর কঃ দেখুন

# দাখিল ও ভোকেশনাল পরীক্ষা শুরু

প্রথম পৃষ্ঠার পর

৮৮৫ জন পরীক্ষার্থী অংশ নেয়। প্রথম দিনের পরীক্ষায় ৩ হাজার ৮৫৫ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। গত বছর প্রথম দিনের পরীক্ষায় ১৫৯ জন বহিষ্কৃত হয়েছিল।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষার্থীর প্রথম দিনে ইংরেজি প্রথমপত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সাতটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এসএসসি এবার ৭ লাখ ৯৬ হাজার ৭৩ জন পরীক্ষার্থী অংশ নেয়। প্রথম দিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৭২ জন শিক্ষার্থী বহিষ্কৃত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ এবং প্রতিনিধিদের পাঠানো তথ্য থেকে জানা যায়, এবার এসএসসি পরীক্ষার প্রথম দিনে সাত বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে ৭ জন, রাজশাহী বোর্ডে ৩৮ জন, বরিশাল বোর্ডে ৫ জন, যশোর বোর্ডে ৩ জন, চট্টগ্রাম বোর্ডে ১৪ জন, কুমিল্লা বোর্ডে ৪ জন এবং সিলেট বোর্ডে ১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। প্রক্সি পরীক্ষা দিতে গিয়ে চট্টগ্রাম বোর্ডে ২ জন পুলিশের হাতে ধরা পড়েছে।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষার প্রথম দিনে কোরআন মজিদ প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এ বছর অংশ নেবে ১ লাখ ৬৯ হাজার ৩৮৭ জন শিক্ষার্থী দাখিল পরীক্ষায় অংশ নেয়। মাদ্রাসা বোর্ডের নিয়ন্ত্রণ কক্ষ ২৪ জন পরীক্ষার্থী বহিষ্কারের খবর জানিয়েছে। মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষায় গাইবান্ধার এক কেন্দ্রে প্রক্সি দিতে গিয়ে ১ জন পুলিশের হাতে আটক হয়েছে।

কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি ভোকেশনাল পরীক্ষায় ৬৪ হাজার ৪২৫ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। ৪৮৫টি কেন্দ্রের হিসাব অনুযায়ী প্রথম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে কারিগরি বোর্ডে ৯৮ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে।

দেশের বাইরের ৭টি কেন্দ্রসহ সারাদেশে ১ হাজার ৯০৮টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সূত্রমতে, পরীক্ষা উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়, জ্বালানি ও বিদ্যুৎ মন্ত্রণালয়, স্থানীয় জেলা প্রশাসন ও বিদ্যুৎ কর্তৃপক্ষ বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রতি বিশেষ নজর দেয়। ফলে গতকাল রাজধানী ও বড় শহরগুলোতে বিদ্যুৎ পরিস্থিতি সহনশীল ছিল।

ঢাকা বোর্ড সূত্র জানায়, ঢাকা বোর্ডের সবগুলো কেন্দ্রে শান্তিপূর্ণ পরিবেশে গতকালের পরীক্ষা শেষ হয়েছে। অসদুপায় অবলম্বনের দায়ে ৭ জনকে বহিষ্কার হয়েছে। এছাড়া ৭৬৯ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। শিক্ষা উপদেষ্টা আইয়ুব কাদরী ঢাকা বোর্ডের বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন। এসময় তিনি সাংবাদিকদের বলেন, পরিচ্ছন্ন পরিবেশে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। সবগুলো পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হবে বলে তিনি সাংবাদিকদের কাছে আশাবাদ ব্যক্ত করেন।

আমাদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, চট্টগ্রাম বোর্ডে প্রথম দিন নকলের দায়ে মোট ১৪ জনকে বহিষ্কার করা হয়েছে। প্রক্সি পরীক্ষা দিতে এসে ধরা পড়েছে ২ জন। একজন মহেশখালীতে অপরজন রামু বালিকা উচ্চ বিদ্যালয়ে পুলিশের হাতে ধরা পড়ে। অসদুপ অবলম্বনের দায়ে চট্টগ্রাম জেলায় ১ জ কক্সবাজারে ২ জন, খাগড়াছড়িতে ৮ জ বান্দরবানে ৩ জনকে বহিষ্কার করা হয়। প্রথ দিনে মোট ২২৭ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছি

বরিশাল ব্যুরো জানায়, প্রথম দিনে বরিশাল শি বোর্ডের আওতায় ৫ পরীক্ষার্থীকে অসদুপ অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। এর মধ বরিশালে একজন, পটুয়াখালীতে একজন, ভোল একজন, পিরোজপুরে একজন ও ঝালকাঠি একজন। বরগুনায় কোন পরীক্ষার্থীকে বহিষ্কার ক হয়নি অত্যন্ত ভাল পরীক্ষার কারণে। তবে এবার এসএসসি পরীক্ষার প্রথম দিনেই বরিশাল শি বোর্ডের ২৫৯ পরীক্ষার্থী অংশগ্রহণ থেকে বির থাকে নানা কারণে।

রাজশাহী অফিস জানায়, এইচএসসি পরীক্ষার প্রথ দিনে রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন ১ জেলায় নকল করার অভিযোগে ৩৮ জন পরীক্ষার্থী বহিষ্কার করা হয়েছে। জেলাওয়ারী বহিষ্কৃতরা হ চাঁপাইনবাবগঞ্জে একজন, নওগাঁয় ২ জন, পাবনা একজন, বগুড়ায় একজন, রংপুরে ৮ জন, কুড়িগ্রামে ৮ জন, গাইবান্ধায় একজন, নীলফামারীতে একজন লালমনিরহাটে ৪ জন, জয়পুরহাটে একজন দিনাজপুরে ৮ জন ও ঠাকুরগাঁওয়ে ২ জন পরীক্ষার্থী

যশোর থেকে রেবা রহমান জানান, প্রথম দিনে ইংরেজী প্রথম পত্রের পরীক্ষায় নকলের দায়ে ৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। বোর্ড সূত্র জানায় নড়াইল জেলার তালিয়া কেন্দ্রে একজন, কুষ্টিয়ার ভি পুর কেন্দ্রে একজন ও খুলনার শাহাপুর কেন্দ্রে একজন বহিষ্কার হয়েছে।

কুমিল্লা জেলা সংবাদদাতা জানান, কুমিল্লা শিক্ষা বোর্ডের আওতায় ৬টি জেলায় মোট ৪ জন শিক্ষার্থীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়। এদের মধ্যে চাঁদপুরের মতলবে একজন, শাহরাস্তিতে একজন, কুমিল্লার নাঙ্গলকোটে একজন এবং নোয়াখালীর বেগমগঞ্জে একজন।

সিলেট ব্যুরো জানায়, এসএসসি পরীক্ষার প্রথম দিনে সিলেট শিক্ষাবোর্ডে একজনকে বহিষ্কার করা হয়েছে। ইংরেজী প্রথম পত্রের পরীক্ষার দিনে অনুপস্থিত ছিল ১১৯ জন। নকলের দায়ে হবিগঞ্জ সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে ওই পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

মুন্সীগঞ্জ জেলা সংবাদদাতা জানান, মুন্সীগঞ্জে সিরাজদিখান উপজেলার কুচিয়ামোড়া উচ্চ বিদ্যালয় কেন্দ্রে কর্তৃপক্ষের চরম গাফিলতিতে আধাঘণ্টা পর এসএসসি পরীক্ষা শুরু হয়।

জানা যায়, সিরাজদিখান ট্রেজারী থেকে ১ম দিনের ইংরেজী ১ম পত্রের পরীক্ষার নির্ধারিত 'ক' সেটের প্রশ্নের পরিবর্তে 'খ' সেটের প্রশ্ন সরবরাহ করা হয়। প্রশ্ন বিতরণকালে কেন্দ্র সচিব প্রশ্নপত্রের ভুল ধরেন। পরে সিরাজদিখান ট্রেজারী থেকে 'ক' সেটের প্রশ্ন এনে আধাঘণ্টা পর পরীক্ষা শুরু করেন। প্রশ্ন বিভ্রান্তির কারণে কেন্দ্রের ৩৫৮ জন পরীক্ষার্থীকে দুর্ভোগ পোহাতে হয়।

হবিগঞ্জ জেলা সংবাদদাতা জানান, গতকাল এসএসসি পরীক্ষা চলাকালে ফাতেমাতুজ্জোহরা নামে এক ভুয়া পরীক্ষার্থিনীকে হবিগঞ্জ সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে আটক করা হয়েছে। সে হবিগঞ্জ বিকেজিসি সরকারী বালিকা বিদ্যালয়ের ছাত্রী।